CENTRAL LIBRARY N.C.COLLEGE

2019/TDC/ODD/SEM/BNGGE/BNGDSC-301T/058

# TDC (CBCS) Odd Semester Exam., 2019

## BENGALI

( 3rd Semester )

Course No. : BNGGE/BNGDSC-301T

( বাংলা ভাষাতত্ত্ব )

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

### UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা বলতে আমরা কোন্ ভাষাকে বুঝি ?

(খ) মধ্যভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো।

(গ) আধুনিক ভারতীয় আর্যভাষার অন্তর্গত দুটি ভাষার নাম উল্লেখ করো।



Scanned by CamScanner

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(ঘ) বাংলা ভাষার পূর্ববর্তী স্তর মাগধী প্রাকৃত না মাগধী অপভ্রংশ ?

(ঙ) কাহ্নপাদ প্রাচীন বাংলার কবি না মধ্য বাংলার কবি ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'চর্যাপদ'-এর ভাষাকে প্রাচীন বাংলার একমাত্র নিদর্শন বলার কারণ কী ?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কোন্ যুগের বাংলার একমাত্র নিদর্শন ? এই গ্রন্থের ভাষার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) প্রাচীন ভারতীয় আর্যভাষার লক্ষণ-বৈশিষ্ট্য নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

## UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'নিয়ক্তি' শব্দের অর্থ কী ?

(খ) মধ্যস্তরের বাংলা ভাষাকে কয়টি উপস্তরে ভাগ করা হয়েছে ?



Scanned by CamScanner

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(গ) নব্যভারতীয় আর্যভাষা হিসেবে বাংলার একটি বৈশিষ্ট্য যুক্তাক্ষর ভেঙে দেওয়া, যে কোনো একটি উদাহরণ দিয়ে দেখাও।

(ঘ) মাগধী প্রাকৃতে হ্রস্বস্বর দীর্ঘ করে উচ্চারণ করার প্রবণতা লক্ষ্য করা যায়, উদাহরণ দিয়ে দেখাও।

(ঙ) 'আমার পড়ার সময় হইয়াছে' এই বাক্যটি চলিত বাংলায় কীভাবে লেখা হবে?

। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বাংলা ভাষার হাজার বছরের বিবর্তনের ইতিহাসকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে? স্তরগুলোর নাম লেখো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে প্রচুর যুক্তাক্ষর দেখতে পাওয়া যায়, যা এখন আমরা ব্যবহার করি না, এরকম দুটি শব্দ লেখো।

। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ভাষা নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

(খ) আধুনিক বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।



Scanned by CamScanner

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## UNIT—III

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) বাংলার কয়টি উপভাষা রয়েছে ?

(খ) আমরা আজ স্কুল-কলেজে যে ভাষায় কথা বলি তা কোন্ উপভাষার উপর ভিত্তি করে গড়ে উঠেছে ?

(গ) বরাক উপত্যকায় আমাদের ঘরোয়া ভাষা কোন্ উপভাষার অন্তর্গত ?

(ঘ) আমাদের (বরাক উপত্যকা) উপভাষার একটি ধ্বনিতাত্ত্বিক পরিবর্তন আর কোনোও উপভাষায় পাওয়া যায় না। সেই বিখ্যাত পরিবর্তনটি কি ?

(ঙ) 'শোন্' শব্দটি আমাদের এই অঞ্চলে কীভাবে উচ্চারিত হবে ?

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ঝাড়খণ্ডি উপভাষা পশ্চিমবঙ্গের কোন্ কোন্ অঞ্চল নিয়ে গঠিত হয়েছে ?

(খ) অর্থ সংকোচন ও অর্থ সম্প্রসারণের একটি করে উদাহরণ দাও।



Scanned by CamScanner

CENTRAL LIBRARY N.C.COLLEGE



যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) অর্থ পরিবর্তনের ত্রিধারা কী কী? অর্থ পরিবর্তনের ভৌগোলিক, ঐতিহাসিক কারণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) কামরূপী উপভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো।

UNIT—IV

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ঐতিহ্যগত ব্যাকরণে বাক্যকে প্রথমে কয়টি অংশে ভাগ করা হয়?

(খ) ভৌগোলিক পরিবেশ ও জলবায়ু কি ধ্বনি পরিবর্তনের কারণ হতে পারে?

(গ) 'গুরুশিষ্য'—এই শব্দটি কোন্ সমাসের উদাহরণ?

(ঘ) বাংলায় স্বরাগমের একটি উদাহরণ দাও।

(ঙ) অন্য জাতির সংস্পর্শে থাকলেও কি ধ্বনি পরিবর্তিত হতে পারে?

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) অপিনিহিতি কাকে বলে, উদাহরণ দিয়ে লেখো।

(খ) দ্বন্দ্ব সমাস কাকে বলে, উদাহরণ দিয়ে লেখো।



Scanned by CamScanner

CENTRAL LIBRARY N.C.COLLEGE



যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) সমাস কাকে বলে? সমাস কয় প্রকার এবং কী কী, উদাহরণ দিয়ে আলোচনা করো।

(খ) বাংলা বাক্যতত্ত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

## UNIT—V

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ধোপাকে কাপড় দাও' এবং 'দরিদ্রকে বস্ত্র দাও'—এই দুটি বাক্যের মধ্যে সম্প্রদানকারকের উদাহরণ কোনটি?

(খ) (অপ + আদান) কথাটির মূল অর্থ কী?

(গ) সম্প্রদানকারকে চতুর্থী বিভক্তি কখন হয়?

(ঘ) কর্মকারকে 'কে' বিভক্তির একটি উদাহরণ দাও।

(ঙ) 'ঘরে যাব'—এই বাক্যে 'ঘরে' স্থানাধিকরণ না কালাধিকরণের উদাহরণ?

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) অধিকরণ কারক কাকে বলে, উদাহরণ দিয়ে লেখো।

(খ) 'ওরা তাস খেলছে।'—বাক্যটিতে কোন্ কারকে কী বিভক্তি হয়েছে?



Scanned by CamScanner

CENTRAL LIBRARY N.C.COLLEGE



যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) কারক কত প্রকার এবং কী কী? প্রত্যেকটি কারকের একটি করে উদাহরণ দাও।

(খ) কর্তৃকারক এবং কর্মকারক কাকে বলে? বিভক্তি উল্লেখ করে উদাহরণ দিয়ে আলোচনা করো।

* * *



Scanned by CamScanner